



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ বিডিবিএল ভবন, ৮ রাজউক এভিনিউ, ঢাকা।

বিনিয়োগ হিসাবে সুদ মওকুফের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

আইসিবি'র সম্মানিত বিনিয়োগ হিসাবধারকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ২৪.০৩.২০২১ তারিখে অনুষ্ঠিত ৫৯৩তম সভায় কতিপয় শর্ত পরিপালন সাপেক্ষে আইসিবি ইনভেস্টরস্ স্কীমের আওতায় পরিচালিত বিনিয়োগ হিসাবধারকগণের ৩১.১২.২০২০ তারিখে সম্পদ ঘাটতিযুক্ত বিনিয়োগ হিসাবসমূহে সুদ মওকুফ সুবিধা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ইতোমধ্যে সম্মানিত হিসাবধারকগণের বর্তমান ঠিকানায় এতদসংক্রান্ত পত্র প্রেরণ করা হয়েছে। কর্পোরেশনের ওয়েব সাইট www.icb.gov.bd - এ সুদ মওকুফ সুবিধার আওতাভুক্ত বিনিয়োগ হিসাবের তালিকা প্রকাশ করা হয়েছে। বর্ণিত সুদ মওকুফ সুবিধার মেয়াদ ছিল ২৪ জুন, ২০২১ তারিখ পর্যন্ত। আইসিবি পরিচালনা বোর্ডের ১৭ আগস্ট, ২০২১ তারিখের সভায় উক্ত সুদ মওকুফ সুবিধার মেয়াদ আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে; উক্ত সময়ের পরে সুদ মওকুফ সুবিধার মেয়াদ আর বৃদ্ধি করা হবে না।

বিস্তারিত তথ্যের জন্য আইসিবি'র সম্মানিত হিসাবধারকগণকে কর্পোরেশনের প্রধান কার্যালয় এবং শাখা কার্যালয়সমূহে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। হিসাবধারকগণের সুবিধার্থে প্রধান কার্যালয় এবং শাখা কার্যালয়সমূহের টেলিফোন নম্বর নিম্নে প্রদত্ত হলোঃ

ইনভেস্টরস্ ডিপার্টমেন্ট	ফোনঃ (০২) ২২৩৩৮২৫০৩
প্রধান কার্যালয়, ঢাকা	পিএবিএক্সঃ (০২)২২৩৩৮৩৪৯৫ এক্সঃ ১৫৩, ১৭৬, ১৭২
চট্টগ্রাম শাখা	ফোনঃ (০৩১) ৭১৪৮৫১, ৭২৭০৬৪
রাজশাহী শাখা	ফোনঃ (০৭২১) ৭৭৫৪০২, ৭৭৪৬৬১
খুলনা শাখা	ফোনঃ (০২৪৭৭) ৭২৫৭৩৪, ৭২১৬৮৯
বরিশাল শাখা	ফোনঃ (০৪৩১) ৬৪৪০৪
সিলেট শাখা	ফোনঃ (০৮২১) ৭১৪৭০৩, ৭২৮১৪৭
বগুড়া শাখা	ফোনঃ (০৫১) ৭৮০৩৪
স্থানীয় কার্যালয়, ঢাকা	ফোনঃ (০২) ৫৮৩১২৫৫৭, ২২২২২৩২৮৮

(মোঃ আবু হানিফ)
সহকারী মহাব্যবস্থাপক
ফোনঃ (০২)২২৩৩৮২৫০৩